গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
উপজেলা সমাজসেবা কার্যালয়
দেবীগঞ্জ পঞ্চগড়।

**"প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটি" দেবীগঞ্জ, পঞ্চগড় এর সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | : | ২৪/১২/২৫ খ্রী: সময়: সকাল ১২.৩০ ঘটিকা। |
| সভাপতি | : | জনাব মোঃ মাহমুদুল হাসান, উপজেলা নির্বাহী অফিসার দেবীগঞ্জ, পঞ্চগড়। |
| সভার স্থান | : | উপজেলা কনফারেন্স রুম । |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

২. **উপস্থাপনা ও আলোচনাঃ**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব, সমাজসেবা কর্মকর্তা, উপজেলা সমাজসেবা কার্যালয়, দেবীগঞ্জ, পঞ্চগড় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

৩। সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৩.১ সদস্য সচিব ও সমাজসেবা কর্মকর্তা, উপজেলা সমাজসেবা কার্যালয়, দেবীগঞ্জ, পঞ্চগড় জানান যে, প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর ২৫ ধারার (চ) মোতাবেক প্রতিবন্ধী ব্যক্তির নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান সংক্রান্ত প্রতিবন্ধিতা সনাক্তকরণ কর্মসূচির কাজ ও যাচাই কার্যক্রম পরিচালনা করার বাধ্যবাধকতা রয়েছে। এক্ষেত্রে "প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটি"র যাচাই বাছাই শেষে প্রকৃত তথ্য অনুমোদিত হবে। | উপজেলা প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটির সভা প্রতি ০৪ মাস পর পর করা হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়। | কমিটির সকল সদস্য |
| ৩.২ অতঃপর সদস্য সচিব জানান, গত সভার পর থেকে পর্যায়ক্রমে উপজেলা হলরুম এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স দেবীগঞ্জ এ ২৯৪ টি আবেদন যাচাই করা হয়। চিকিৎসক, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দেবীগঞ্জ, পঞ্চগড় কর্তৃক ১২৮ জনকে সঠিক বলে বিবেচনা করা হয় এবং যথাযথ না হওয়ায় ১৩৩ জনের আবেদন বাতিল করা হয়। এছাড়া ৩৩ জনের আবেদন অপেক্ষমান রয়েছে। | চিকিৎসক, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দেবীগঞ্জ, পঞ্চগড় কর্তৃক ১২৮ জনকে সুবর্ণ নাগরিক কার্ড প্রদান ও যথাযথ বিবেচিত না ১৩৩ জনের প্রতিবন্ধিতার আবেদন বাতিল করার সিধান্ত গৃহীত হয়। এছাড়াও অপেক্ষমাণ ৩৩ জনের আবেদন দ্রুত যাচাইয়ের সিধান্ত গৃহীত হয়। (অনুমোদিত ১২৮ জনের তালিকা সংযুক্তি ১ এ রয়েছে) | উপজেলা নির্বাহী অফিসার, সকল সদস্য |
| ৩.৩ সদস্য সচিব জানান যে, বর্তমানে উপজেলা সমাজসেবা কার্যালয়ে ব্যাপক প্রতিবন্ধিতার আবেদন জমা হচ্ছে তাই সকল আবেদন যাচাই বাছাই করার জন্য মাসে দুইবার চিকিৎসক, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দেবীগঞ্জ, পঞ্চগড় কর্তৃক আবেদনগুলো যাচাই করা প্রয়োজন। | চিকিৎসক, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দেবীগঞ্জ, পঞ্চগড় কর্তৃক মাসে দুইবার উপজেলা হলরুম এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স দেবীগঞ্জে প্রতিবন্ধিতার আবেদনসমূহ যাচাইয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

CamScanner

| | | |
|---|---|---|
| ...কিৎসক, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স জানান যে, অনেকেই ...ন্ধিতার আবেদন করছে যেখানে বিশেষজ্ঞ চিকিৎসকের ...ত্যয়ন ও প্রয়োজনীয় ডকুমেন্টস নেই। | সভাপতি মহোদয় সুবর্ণ নাগরিক কার্ড প্রদান ক্ষেত্রে চিকিৎসকে সকল ধরনের ডকুমেন্টস যাচাইয়ের কথা বলেন এবং উপজেলা সমাজসেবা কার্যালয়ে এসকল ডকুমেন্টস সংরক্ষণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার ও, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৩.৫ সুবর্ণ নাগরিক কার্ড প্রাপ্ত ব্যাক্তিদের দ্রুততম সময়ে প্রতিবন্ধী ভাতা প্রদান। | সভায় জানানো হয় দেবীগঞ্জ উপজেলায় প্রতিবন্ধী ভাতার পর্যাপ্ত বরাদ্দ রয়েছে এবং অনলাইন আবেদন প্রাপ্তি সাপেক্ষে সুবর্ণ নাগরিক কার্ড প্রাপ্ত প্রত্যেককে দ্রুততম সময়ে প্রতিবন্ধী ভাতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |

৪। আলোচনা শেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মাহমুদুল হাসান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি, প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত
উপজেলা কমিটি, দেবীগঞ্জ, পঞ্চগড়।

স্মারক নম্বর: ৪১.০১.৭৭৩৪.০৩১.১৮.০৬.২০.৩২১/১ (৫)

তারিখঃ ২৪/১২/২০২৫ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১) পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর।
২) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, পঞ্চগড়।
৩) উপজেলা নির্বাহী অফিসার, দেবীগঞ্জ, পঞ্চগড়।
৪) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দেবীগঞ্জ, পঞ্চগড়।
৫) অফিস কপি।

মোঃ আবু রায়হান
উপজেলা সমাজসেবা অফিসার (অঃ দাঃ)
ও
প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত
উপজেলা কমিটি
উপজেলা কমিটি, দেবীগঞ্জ, পঞ্চগড়।

CamScanner